গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

স্মারক নং-জাঃআঃসঃপ্রঃসঃ-০৬(পার্ট-২)/২০১১- ৮৪

তারিখঃ ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
০৮ জুন ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বিজ্ঞ প্যানেল আইনজীবীগণের ই-মেইল এড্রেস সংরক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অস্বচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থী জনগণকে আইনগত সহায়তা প্রদানকল্পে এবং আইনগত সহায়তা কার্যক্রমে শতভাগ প্রবেশাধিকার সৃষ্টির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০০ সালে জাতীয় আইনগত সহায়তা প্রদান আইন প্রণয়ন করেন। এই আইনের প্রদত্ত ক্ষমতা বলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা প্রতিষ্ঠা করে। ৬৪টি জেলায় স্থায়ী লিগ্যাল এইড অফিস স্থাপন এবং আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ এর ধারা ১৫ এর আলোকে প্রত্যেক জেলায় জেলা লিগ্যাল এইড কমিটির অধীন আইনজীবীগণের একটি প্যানেল রয়েছে।

০২। প্রতিষ্ঠার পর থেকেই সরকারি আইনি সেবার কার্যক্রমকে আরো কার্যকর, সেবাবান্ধব ও গতিশীল করার জন্য জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা দেশব্যাপী অসহায়, সুবিধাবঞ্চিত ও দুঃস্থ মানুষের আইনি অধিকার নিশ্চিতকরণ করার কাজ করে চলছে। ন্যায়বিচার প্রাপ্তি এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বাড়াতে জেলা লিগ্যাল এইড অফিসসমূহের প্যানেল আইনজীবীগণকে সরকারি বা সংস্থার সহযোগি দাতার গোষ্ঠীর অর্থায়নে বিভিন্ন ধরণের সভা, সেমিনার, সিম্পোজিয়াম ও প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রমে প্রায়শ:ই অংশগ্রহণের প্রযোজন হয় যা বর্তমান বৈশ্বিক মহামারী করোনাভাইরাস উদ্ভূত কোভিড-১৯ এর সংক্রমণ রোধকল্পে সারাদেশে অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। কিন্তু জেলা লিগ্যাল এইড কমিটির প্যানেল আইনজীবীগণের নিজস্ব কোন ই-মেইল না থাকায় দাপ্তরিক কার্যক্রমসহ বর্ণিত কার্যক্রম সম্পাদন করতে প্রায়শ:ই অসুবিধার সম্মুখীন হতে হয়।

০৩। এমতাবস্থায় এতদ সংক্রান্ত উদ্ভূত পরিস্থিতি নিরসনের জন্য জেলা লিগ্যাল এইড কমিটির অন্তর্ভূক্ত প্যানেল আইনজীবীগণের প্রত্যেকের নিজস্ব ই-মেইল এড্রেস সংরক্ষণ করা প্রযোজন। যে সকল বিজ্ঞ প্যানেল আইনজীবীগণের ই-মেইল এড্রেস নেই, তাদেরকে দ্রুততার সাথে ই-মেইল এড্রেস খুলে জেলা লিগ্যালে এইড অফিসে সংরক্ষণসহ হালনাগাদ নামের তালিকা (ই-মেইল, মোবাইল নম্বরসহ) সংস্থায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৮/০৬/২০২১

**(মোঃ হাবিবুর রহমান চৌধুরী)**
উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
এবং
সহকারী পরিচালক (প্রশাসন) (ভার:)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
ফোন নং -০২- ৮৩৩-১১৫১ (অ:)

**কার্যার্থে প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ, ----------------------------- (সকল)।

২। জেলা লিগ্যাল এইড অফিসার- ----------------------------- (সকল)।

৩। ------------------------------------------------------------------,প্যানেল আইনজীবী, জেলা লিগ্যাল এইড কমিটি----------------------।

**অনুলিপিঃ জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৪। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৫। পিএ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৬। কোর্ট অফিসার (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৭। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।